গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং ঃ ৫৭.২৫.০০০০.০০৩.০২.১৯.১৭- ৫৫৪ তারিখঃ ০২.০৮.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ শাহবাজার এ. এইচ. ফাজিল মাদরাসার অধ্যক্ষ নিয়োগে এ মাদরাসার বর্তমান গভর্নিং বডির সভাপতি জনাব মোঃ হবিবর রহমান কর্তৃক নানা ধরণের ছলচাতুরী, সরকারি কাজে বাধা প্রদান ও জটিলতা সৃষ্টিকরণ, স্বেচ্ছাচার ও ঔদ্ধত্যমূলক আচারণের মাধ্যমে অধ্যক্ষ নিয়োগ ভন্ডুল করায় তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র (১) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৩.১৭-৩২০ তারিখ:০৩.০৫.২০১৭ খ্রি:।
(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.০১.০০২.১৫-২২৯ তারিখ:১৬.০৭.২০১৭ খ্রি:।
(৩) শাহবাজার এ. এইচ. ফাজিল মাদরাসার স্মারক নং-শাহবাজার এ. এইচ. ফাজিল মাদরাসা, অধিবেশন নং... তারিখ:২০.০৫২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ২নং স্মারক মূলে শাহবাজার এ. এইচ. ফাজিল মাদরাসার অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত বিষয়ে জনাব মোহাম্মদ ছরওয়ার আলম ( পরিচালক, প্রশাসন ও অর্থ, মাদরাসা শিক্ষা অধিদপ্তর) কর্তৃক একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করা হয়।

০২. দাখিলকৃত প্রতিবেদন ও প্রতিবেদনের সাথে সংযুক্ত অন্যান্য কাগজ-পত্র যাচায়ান্তে দেখা যায় যে, সূত্রোস্থ ১ নং স্মারক মূলে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ নিয়োগে জনাব মোহাম্মদ ছরওয়ার আলম (পরিচালক, প্রশাসন ও অর্থ) কে ডি.জি'র প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেয়া হয়।

০৩. ডি.জি'র মনোনীত প্রতিনিধি হিসেবে জনাব মোহাম্মদ ছরওয়ার আলম কর্তৃক উক্ত মাদরাসার সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ নিয়োগ বের্ডের অন্যান্য সদস্যবৃন্দের সাথে পরামর্শক্রমে ২০.০৫.২০১৭ খ্রি: তারিখে নিয়োগ নির্বাচনী বোর্ড এর তারিখ নির্ধারণ করা হয় মর্মে দাখিলকৃত প্রতিবেদনে উল্লিখিত হয়েছে।

০৪. পূর্ব নির্ধারিত তারিখ ও সময়ে (২০.০৫.২০১৭ খ্রি:,দুপুর ২.৩০) ডি.জি'র প্রতিনিধি, ইসলামি আরবি বিশ্ববিদ্যায়ের প্রতিনিধি ও বর্ণিত মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ পরীক্ষা গ্রহণ স্থলে উপস্থিত হলেও নিয়োগ বোর্ডের ও বর্ণিত মাদরাসার সভাপতি জনাব মো: হবিবর রহমান এবং নিয়োগ বের্ডের অপর একজন সদস্য (অধ্যক্ষ নিয়োগ বোর্ড গ্রহণ স্থলে) অনুপস্থিত থাকেন মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

০৫. তাঁদের (মাদরাসার সভাপতি জনাব মো: হবিবর রহমান এবং নিয়োগ বের্ডের অপর একজন সদস্য) অনুপস্থিতির কারণে সূত্রোস্থ ৩নং স্মারক মূলে নিয়োগ বোর্ডের উপস্থিত সকল সদস্য (ডি.জির প্রতিনিধি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ, শাহবাজার এ. এইচ. ফাজিল মাদরাসা) কর্তৃক গৃহীত সিদ্ধান্তক্রমে অধ্যক্ষ পদের নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়।

০৬. প্রতিবেদনে আরো উল্লিখিত হয়েছে যে, তাঁদের (সভাপতি জনাব মো: হবিবর রহমান এবং অপর একজন সদস্য) অনুপস্থিতির কারণে নিয়োগ কার্যক্রম শুরু করা সম্ভব না হওয়ায় প্রথমে ভারপ্রাপ্ত অধ্যক্ষ (শাহবাজার এ. এইচ. ফাজিল মাদরাসা) পরে পরিচালক, প্রশাসন ও আর্থ,মাদরাসা শিক্ষা আধিদপ্তর কর্তৃক বিষয়োক্ত মাদরাসার সভাপতির সাথে ফোনযোগে যোগাযোগ করা হয়। ফোনযোগে তাঁর (সভাপতি) অনুপস্থিতির কারণ জানতে চাওয়া হলে তিনি (সভাপতি) অসুস্থ মর্মে জানান এবং নিয়োগ বোর্ডে উপস্থিত হতে অপরাগতা প্রকাশ করেন। তিনি ফোনে এটাও জানিয়ে দেন যে, নিয়োগ সংক্রান্ত কোন কার্যক্রম হবে না।

০৭.প্রতিবেদনে আরো উল্লেখ করা হয়েছে যে, ডি.জি'র প্রতিনিধি ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি কষ্টে করে সুদূর ঢাকা থেকে যাওয়ায় এবং প্রতিষ্ঠানের স্বার্থে টেলিফোনযোগে নিয়োগ কার্যক্রমে সহযোগিতা কামনা করা হলে তিনি ঔদ্ধত ও রূঢ় আচারণ করেন এবং বলেন " আমাকে ছাড়া এ নিয়োগ হবে না" বলে ফোন বন্ধ করে দেন।

০৮. এখানে উল্লেখ্য যে, নিয়োগের দিন সকাল ১০:০০ ঘটিকায় মাদরাসার গভর্নিং বডির সভাপতি জনাব মো: হবিবর রহমান মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ ডি.জি'র প্রতিনিধি জনাব মোহাম্মদ ছরওয়ার আলমের সাথে সাক্ষাৎপূর্বক অধ্যক্ষ পদে দাখিলকৃত প্রার্থীদের আবেদনগুলো পুনরায় যাচাই-বাছাই করেন এবং এ সময় তাঁকে (সভাপতি) সুস্থ ও স্বাভাবিক ছিলেন মর্মে প্রতিবেদনে উল্লিখিত হয়েছে। কিন্তু হঠাৎ বিকেল ৩:০০ টার মধ্যে অসুস্থ হয়ে পড়াটা উদ্দেশ্যমূলক মর্মে প্রতীয়মান হয়।

০৯.তদুপরি দু'জন সম্মানিত কর্মকর্তা কর্তৃক ফোনযোগে নিয়োগ কার্যক্রমে সহযোগিতা কামনা করা সত্ত্বেও তিনি ঔদ্ধত ও রূঢ় আচারণ করে ফোন বন্ধ করে দেন এবং পরবর্তীতে ডি.জি'র প্রতিনিধি ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদ্বয় কর্তৃক বর্ণিত মাদরসাসার সভাপতির সাথে ফোনে যোগাযোগের চেষ্টা করা সত্ত্বেও তাঁকে ফোনে পাওয় যায়নি, বরং ফোন বন্ধ পাওয়া যায় মর্মে প্রতিবেদনে উল্লিখিত হয়েছে। এতে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, তিনি ইচ্ছাকৃতভাবে ও উদ্দেশ্য প্রনোদিতভাবে সরকারি কাজে অসহযোগিতা করেছেন যা অসদাচরণ ও ইউনিভার্সিটি (এ্যামেন্ডমেন্ট) এ্যাক্ট ২০০৬ এর ২২এ (৪) ধারা ৩.২ এর (ঝ) " গভর্নিং বডিকে বিশ্ববিদ্যালয় কর্তৃক জারিকৃত নির্দেশনামালা মেনে চলতে হবে " এর নির্দেশনা অমান্যের শামিল।

১০.প্রতিষ্ঠানের ও সরকারি কাজের শৃংখলা বজায় রাখার স্বার্থে এহেন অসদাচরণের বিষয়ে ব্যবস্থা নেয়া দরকার।

১১. এমতাবস্থায় বর্ণিত মাদরাসার অধ্যক্ষ নিয়োগে উক্ত মাদরাসার বর্তমান গভর্নিং বডির সভাপতি জনাব মো: হবিবুর রহমানের সরকারি কাজে বাধা প্রদান/অসহযোগিতামূলক আচারণ এবং উদ্দেশ্যমূলক ও ঔদ্ধত্যপূর্ণ আচরণের মাধ্যমে নিয়োগ কার্যক্রম ভন্ডুল করায় তাঁর (সভাপতি জনাব মো: হবিবুর রহমান) বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
টেলিফোন নং- ৯৩৫৭০৫৯
ই-মেইল- dgdmeb@gmail.com

উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

অনুলিপি:

০১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়।
০২.পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।
০৩.জেলা শিক্ষা অফিসার, রংপুর।
০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ি, কুড়িগ্রাম।
০৫. অফিস কপি।